বাংলাদেশ সুপ্রীম কোর্ট
হাইকোর্ট বিভাগ, ঢাকা।
(প্রশাসন শাখা)
www.supremecourt.gov.bd

অফিস আদেশ নং - ৯ -এ, তারিখঃ ২৩ পৌষ, ১৪৩২ বঙ্গাব্দ / ০৭ জানুয়ারি, ২০২৬ খ্রিষ্টাব্দ

**বিষয়ঃ বাংলাদেশ সুপ্রীম কোর্টের নিরাপত্তা, কর্মকর্তা-কর্মচারীদের শৃঙ্খলা, পেশাদারিত্ব এবং সততা নিশ্চিতকরণ সংক্রান্ত।**

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে বাংলাদেশ সুপ্রীম কোর্টের নিরাপত্তা নিশ্চিতকরণসহ, দাপ্তরিক কাজের গতিশীলতা এবং কর্মকর্তা-কর্মচারীদের শৃঙ্খলা, পেশাদারিত্ব ও স্বচ্ছতা নিশ্চিতকরণের লক্ষ্যে নিম্নোক্ত নির্দেশনাসমূহ বাধ্যতামূলক পালনের জন্য নির্দেশনা প্রদান করা হলো:

**ক. অফিসে উপস্থিতি ও প্রস্থান:**

১. সকল কর্মকর্তা-কর্মচারীদের নির্ধারিত অফিস সময়সূচী অনুযায়ী সকাল ৯.০০ ঘটিকায় কর্মস্থলে উপস্থিত থাকতে হবে।
২. অফিস ত্যাগের ক্ষেত্রে উপযুক্ত কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকে নির্ধারিত সময়ের পূর্বে কোনো অবস্থাতেই কর্মস্থল ত্যাগ করা যাবে না।
৩. বিলম্ব উপস্থিতি এবং অনুমতি ব্যতীত কর্মস্থল প্রস্থান 'অসদাচারণ' হিসেবে গণ্য হবে এবং সংশ্লিষ্টদের বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

**খ. নির্ধারিত ডেস্কে সার্বক্ষনিক উপস্থিতি ও পরিষ্কার পরিচ্ছন্নতা:**

১. সকল কর্মকর্তা-কর্মচারীদেরকে স্ব স্ব ডেস্কে সার্বক্ষনিক উপস্থিত থাকতে হবে, কোনো কাজ অনিস্পন্ন (Pending) রাখা যাবে না ।
২. পরিষ্কার পরিচ্ছন্নতা বজায় রাখতে হবে। ময়লা, আবর্জনা ও খাদ্য দ্রব্যের উচ্ছিষ্ট নির্দিষ্ট ডাস্টবিনে ফেলতে হবে।

**গ. সুপ্রীম কোর্টের নিরাপত্তা নিশ্চিতকরণ:**

১. Supreme Court of Bangladesh (High Court Division) Rules, 1973 (Amended up to date on 12 November, 2012) এর Chapter-XVIA এর বিধি ৩ এর দফা ৪ অনুযায়ী "কোন ব্যক্তি, তিনি বারের সদস্য বা আইনজীবী সহকারী বা আদালতের কর্মী বা অন্য কোন ব্যক্তি আদালত প্রাঙ্গণে বা আদালত ভবনের কোন অংশে কোন মিছিল, স্লোগান, প্রচার, সভা বা বিক্ষোভে অংশগ্রহণ করতে পারবেন না।
২. সুপ্রীম কোর্ট প্রাঙ্গনে বৈধ ও অবৈধ যেকোন প্রকার অস্ত্র, মারনাস্ত্র, বিস্ফোরক ও মাদকদ্রব্য বহন সম্পূর্ণরূপে নিষিদ্ধ করা হলো।
৩. নিরাপত্তা ও ট্রাফিক ব্যবস্থাপনার স্বার্থে নির্ধারিত পার্কিং ব্যতীত রাস্তা, ভবনের গেটের সামনে গাড়ি ও রিক্সা পার্ক করা সম্পূর্ণ নিষিদ্ধ।

**ঘ. পোশাক রীতি (Dress Code):**

১. অফিস চলাকালীন সকল কর্মকর্তা-কর্মচারীকে নির্ধারিত ফরমাল পোশাক (Formal Dress) পরিধান করতে হবে।
২. সকল কর্মকর্তা-কর্মচারীদের অফিস আইডি কার্ড সাথে বহন করে তা দৃশ্যমান রাখতে হবে।

**ঙ. দুর্নীতি প্রতিরোধ ও সততা:**

১. বাংলাদেশ সুপ্রীম কোর্ট দুর্নীতির বিরুদ্ধে 'শূন্য সহিষ্ণুতা' (Zero Tolerance) নীতি অবলম্বন করে।
২. সেবাগ্রহীতাদের সাথে কোনো প্রকার আর্থিক লেনদেন বা অনৈতিক সুবিধা গ্রহণ সম্পূর্ণ নিষিদ্ধ।
৩. কোনো কর্মকর্তা-কর্মচারীর বিরুদ্ধে দুর্নীতির প্রমাণ পাওয়া গেলে সংশ্লিষ্ট বিধিমালা অনুযায়ী তাৎক্ষণিক ব্যবস্থা গ্রহণ করা হবে।

**চ. তদারকি:**

১. সংশ্লিষ্ট শাখা প্রধানগণ এবং শাখার দায়িত্বপ্রাপ্ত সহকারী রেজিস্ট্রারগণ নিয়মিতভাবে হাজিরা খাতা এবং ড্রেস কোড পর্যবেক্ষণ করবেন।
২. সংশ্লিষ্ট ডেপুটি রেজিস্ট্রারগণ কর্তৃক আকস্মিক পরিদর্শনের মাধ্যমে এই নির্দেশনা বাস্তবায়ন নিশ্চিত করতে হবে।

২। এই আদেশ অবিলম্বে কার্যকর হইবে।

মাননীয় প্রধান বিচারপতি মহোদয়ের সানুগ্রহ আদেশক্রমে,

স্বাক্ষরিত

(মুহাম্মদ হাবিবুর রহমান সিদ্দিকী)
রেজিস্ট্রার জেনারেল
ফোন: ০২-২২৩৩৮২৭৮৫।
ই-মেইলঃ rg@supremecourt.gov.bd

স্মারক নং - ৯৮৮ -এ, তারিখঃ ২৩ পৌষ, ১৪৩২ বঙ্গাব্দ / ০৭ জানুয়ারি, ২০২৬ খ্রিষ্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ

১. বিজ্ঞ অ্যাটর্নি-জেনারেল, বাংলাদেশ, ঢাকা।
২. রেজিস্ট্রার/রেজিস্ট্রার (বিচার)/স্পেশাল অফিসার, হাইকোর্ট/আপীল বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
৩. সভাপতি/সম্পাদক, বাংলাদেশ সুপ্রীম কোর্ট বার এসোসিয়েশন, ঢাকা।
৪. পুলিশ কমিশনার, ঢাকা মেট্রোপলিটন পুলিশ, ২৭ পার্ক অ্যাভিনিউ, কাকরাইল, ঢাকা (কোর্ট এলাকায় পোষাকধারী ও সাদা পোষাকের পর্যাপ্ত সংখ্যক পুলিশ মোতায়েন ও গোয়েন্দা তৎপরতা বৃদ্ধির অনুরোধসহ)।

CamScanner

৫. অতিরিক্ত রেজিস্ট্রার ................................ (সকল), হাইকোর্ট/আপীল বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
৬. মাননীয় প্রধান বিচারপতির একান্ত সচিব, আপীল বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
৭. উপ-পুলিশ কমিশনার, রমনা বিভাগ, ঢাকা মেট্রোপলিটন পুলিশ, ঢাকা।
৮. উপ-পুলিশ কমিশনার, সুপ্রীম কোর্ট এন্ড স্পেশাল কোর্ট সিকিউরিটি ডিভিশন, সুপ্রীম কোর্ট কম্পাউন্ড, ঢাকা।
৯. ডেপুটি রেজিস্ট্রার............................ (সকল), হাইকোর্ট/আপীল বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
১০. রেজিস্ট্রার জেনারেল এর একান্ত সচিব, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
১১. সহকারী রেজিস্ট্রার ............................. (সকল), হাইকোর্ট/আপীল বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা (দায়িত্বে থাকা শাখাসমূহ নিয়মিত পর্যবেক্ষণের নির্দেশনাসহ)।
১২. সিস্টেম এনালিস্ট, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা (সুপ্রীম কোর্টের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১৩. মাননীয় প্রধান বিচারপতির সচিব, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
১৪. বেঞ্চ অফিসার/সহকারী বেঞ্চ অফিসার/ব্যক্তিগত কর্মকর্তা/প্রটোকল অফিসার ..............................(সকল) হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা ।
১৫. স্ট্যাম্প রিপোর্টার/কোর্ট অফিসার/কোর্ট কীপার/হিসাবরক্ষণ কর্মকর্তা ........................... (সকল), হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা (অধীনস্থ সকল কর্মকর্তা/কর্মচারীদের অবগতির অনুরোধসহ)।
১৬. সিনিয়র সুপারিনটেনডেন্ট/সুপারিনটেনডেন্ট .............................. (সকল), হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা (শাখায় কর্মরত সকল কর্মকর্তা-কর্মচারীকে অবগতির অনুরোধসহ)।
১৭. লাইব্রেরীয়ান/কমিশনার অফ এফিডেভিড, .................................. (সকল), হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা (অধীনস্থ সকল কর্মকর্তা/কর্মচারীদের অবগতির অনুরোধসহ)।
১৮. অফিসার ইনচার্জ, শাহবাগ থানা, ঢাকা।
১৯. অফিসার ইনচার্জ, রমনা থানা, ঢাকা
২০. নোটিশ বোর্ড।
২১. অফিস কপি।

Ashfaque Ahmed 07.01.2026
(আশফাক আহমেদ)
সহকারী রেজিস্ট্রার (প্রশাসন)
ফোন: ০২-২২৩৩৫১৭১৬
E-mail: ashfaque1071@gmail.com

CamScanner